অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল জলবায়ু সপ্তাহে বন্যা সুরক্ষার অবকাঠামোর জন্য বড় বিনিয়োগ ঘোষণা করেছেন

কঙ্কলিংভিল বাঁধের পুনর্বাসনের প্রকল্প ডাউনস্ট্রিমের সম্প্রদায়গুলির জন্য বন্যার থেকে অব্যাহত সুরক্ষা নিশ্চিত করবে

মজবুত অবকাঠামোতে বিনিয়োগ বাড়াতে স্টেটের অঙ্গীকার সমর্থন করে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে, অ্যালবানির হাডসন নদী সংলগ্ন সম্প্রদায়, ওয়ারেন, ওয়াশিংটন, রেনসেলার ও সারাটোগা কাউন্টি ও অ্যালবানির রাজধানী শহরে বন্যা থেকে সুরক্ষা প্রদানকারী প্রায় শতবর্ষ পুরোনো অবকাঠামোয় নিউ ইয়র্ক স্টেট বড় বিনিয়োগ করবে। স্টেট-মালিকানার কঙ্কলিংভিল বাঁধের বড় পুনর্বাসনের চূড়ান্ত নকশা ও তত্ত্বাবধানের জন্য একটি ফার্ম খুঁজতে জেনারেল সার্ভিসেস অফিস (Office of General Services, OGS) প্রকৌশল সেবাগুলির জন্য একটি যোগ্যতার অনুরোধপত্র (Request for Qualifications,RFQ) ইস্যু করেছে।

হ্যাডলিতে (সারাটোগা কাউন্টি) স্যাকানডাগা নদীর উপর অবস্থিত 95-ফুট উঁচু কঙ্কলিংভিল বাঁধটি মূলত নির্মিত হয়েছিল 1913 সালের রাজধানী অঞ্চলের বিপর্যয়কর বন্যার প্রতিক্রিয়ায়, যা অ্যালবানি এবং ওয়াটারফোর্ড, কোহোস, গ্রিন আইল্যান্ড, ওয়াটারভিলে, রেনসেলার, এবং ট্রয়ের মতো অন্যান্য নদীমুখী সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত করেছিল, এর কাজ শেষ হয় 1930 সালে। "1913 সালের প্রবল বন্যা (Great Flood of 1913)" হিসেবে পরিচিত এই ঘটনার ফলে অবকাঠামোর সাংঘাতিক ক্ষতি হয় এবং একটি জরুরি জনস্বাস্থ্য পরিস্থিতির সৃষ্টি হয়, যার ফলে নদীমুখী সম্প্রদায়গুলিকে রক্ষা করতে বড় বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের আহ্বান করা হয়, ফলশ্রুতিতে গ্রেট স্যাকানডাগা লেকে বাঁধ নির্মাণের কাজ শুরু হয়।

"আমরা বছরের পর বছর নিউ ইয়র্ক এবং পুরো দেশে জলবায়ু পরিবর্তনের বাস্তবতা দেখছি, এবং জনতার নিরাপত্তা ও স্থিতিশীলতার জন্য প্রয়োজনীয় বিনিয়োগ না করে শুধু আশা করে যাওয়া এখন আর গ্রহণযোগ্য নয়," **গভর্নর হোচুল বলেন।** "আমাদের সম্প্রদায়সমূহ ও নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে একটি সার্বিক কৌশলের অংশ হিসেবে আমাদেরকে অবিলম্বে কঙ্কলিংভিল বাঁধের মতো অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো ও অন্যান্য বন্যা থেকে সুরক্ষা প্রদানকারী অবকাঠামোর জন্য বুদ্ধিমান, কৌশলী বিনিয়োগ করতে হবে।"

জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services) কমিশনার রোঅ্যান দেসিতো বলেন, "1930 সালে কঙ্কলিংভিল বাঁধ নির্মাণ করা অত্যন্ত উচ্চাকাক্ষী ছিল, এবং এটি আমাদের মনে করিয়ে দেয় যে কোনো সমস্যা সমাধানে একত্রিত হলে আমরা নিউ ইয়র্কবাসীরা কী করতে পারি। যখন আমরা আমাদের সম্প্রদায়গুলিকে আরো স্থিতিশীল, টেকসই ও নিরাপদ করতে সব ধরণের ব্যবস্থা বাস্তবায়িত করতে চাচ্ছি, সেই সময় আমরা অনেক প্রজন্ম ধরে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোয় প্রয়োজনীয় বিনিয়োগ না করার ভুল করতে পারি না।"

হাডসন নদী - ব্ল্যাক রিভার নিয়ন্ত্রক জেলার (Hudson River - Black River Regulating District) নির্বাহী পরিচালক জন ক্যালাহান বলেন, "90 বছরের বেশি সময় ধরে নিয়ন্ত্রক জেলা বিশ্বস্ত রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কঙ্কলিংভিল বাঁধের অবকাঠামোকে ভালো কার্যকর অবস্থায় রেখেছে, যা কয়েক প্রজন্ম ধরে বছরের পর বছর ডাউনস্ট্রিম সম্প্রদায়গুলিতে বন্যার সর্বোচ্চ পর্যায় কমিয়ে রাখতে সাহায্য করছে। আসন্ন শতাব্দীতেও এই অঞ্চলের বাসিন্দাদের নিরাপদ রাখতে আমাদের নিবেদিত কর্মীরা যাতে বাঁধ রক্ষণাবেক্ষণ ও পরিচালনার কাজ চালিয়ে যেতে পারে, তহবিলের এই স্বাগত অঙ্গীকার তা নিশ্চিত করবে।"

1930 সালের 27 মার্চ, গ্রেট স্যাকানডাগা লেক ভরতে শুরু করে এবং কঙ্কলিংভিল বাঁধের দ্বার বন্ধ করে দেওয়া হয়। বর্তমানে, হাডসন নদী - ব্ল্যাক রিভার নিয়ন্ত্রক জেলা বাঁধটির রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করছে, যা উচ্চ প্রবাহের সময় ডাউনস্ট্রিম বন্যার সৃষ্টি করতে পারে এমন পানি আটকে এইসব সম্প্রদায়কে জরুরি বন্যা সুরক্ষার সুবিধা প্রদান করছে, এবং শুষ্ক গ্রীষ্মের মাসগুলিতে নিম্ন প্রবাহের সময় পানি ছেড়ে দিয়ে পরিবেশগত, বিনোদনমূলক, এবং নবায়নযোগ্য শক্তির সুবিধা প্রদান করছে।

90-বছরের পুরোনো কঙ্কলিংভিল বাঁধ যাতে আসন্ন দশকগুলিতেও এইসব গুরুত্বপূর্ণ সুবিধা প্রদান করে যেতে পারে তা নিশ্চিত করতে একটি প্রজন্মগত বিনিয়োগ প্রয়োজন। এর মধ্যে রয়েছে:

- পাথরের ভিত্তি ও পাথর-কংক্রিট ইন্টারফেসের মধ্য দিয়ে চুইয়ে পড়া পানি সর্বনিম্ন বা পরিহার করতে ভিত্তি ও কংক্রিট কাঠামোর সংস্কার এবং সকল কংক্রিট পৃষ্ঠের ভাঙ্গা কংক্রিট অপসারণ ও প্রতিস্থাপন;
- উইং দেওয়াল, আউটলেট চ্যানেল, এবং টেইলরেস কংক্রিট কাঠামোর ক্ষতিগ্রস্ত কংক্রিট ও স্প্যালিং প্রতিস্থাপন ও সংস্কার;
- আসল নিম্ন পর্যায়ের "ডো ভালভ" আউটলেটগুলিকে আধুনিক আউটলেট ভালভ দ্বারা প্রতিস্থাপন;
- এবং বাঁধের অন্যান্য কাঠামোগত উন্নয়ন।

স্টেটের 2022 অর্থবছরে প্রণীত বাজেটে প্রকল্পটির জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার প্রাথমিকভাবে বরাদ্দ করা হয়েছে। OGS এর নির্বাচিত প্রকৌশল পরামর্শদাতার প্রস্তুত করা লক্ষ্য ও নকশার উপর স্টেটের চূড়ান্ত বিনিয়োগ নির্ভর করবে।

কঙ্কলিংভিল বাঁধের ইতিহাস শুরু হয় 1913 সালের প্রবল বন্যা দিয়ে। 1913 সালের মার্চ মাসের শেষের দিকে মিডওয়েস্ট থেকে ইস্ট কোস্ট পর্যন্ত বিপর্যয়কারী বন্যা হয়েছিল, যার চরম

প্রাণনাশের সংখ্যা এটিকে মার্কিন ইতিহাসের দ্বিতীয়-সর্বোচ্চ প্রাণঘাতী বন্যায় পরিণত করেছে। বন্যার চূড়ান্ত সীমার কিছু সপ্তাহের মধ্যে, 28 মার্চ, অ্যালবানির জনগণের পানির সরবরাহে বন্যার পানি মিশে গিয়ে সৃষ্ট দূষণের ফলে পুরো শহরজুড়ে টাইফয়েড মহামারী ছড়িয়ে পরে। ঐতিহাসিক এই বন্যার প্রভাব নিউ ইয়র্কের নেতাদের সারাটোগা কাউন্টির হ্যাডলি নগরে স্যাকানডাগা নদীর উপর কঙ্কলিংভিল বাঁধ নির্মাণের মাধ্যমে একটি মুখ্য বন্যা সুরক্ষার জলাধার নির্মাণে উদ্‌বুদ্ধ করে, যা বর্তমানে গ্রেট স্যাকানাডাগা লেক নাম পরিচিত।

যদিও বন্যার থেকে সুরক্ষার ব্যবস্থা গ্রহণে 1913 সালের বন্যা সাহায্য করেছিল, তবে বন্যা থেকে সুরক্ষা প্রদান এবং গ্রীষ্মের শুষ্ক মাসগুলিতে মিলগুলির জন্য একটি বিশ্বস্ত পানির প্রবাহ প্রদান করার জন্য হাডসন নদীর শাখানদীগুলিতে বাঁধ দিয়ে জলাধার সৃষ্টির চিন্তা বেশ কয়েক দশক ধরেই করা হচ্ছিলো। কিন্তু 1913 সালের বন্যা এটিকে গতিপ্রদান করে, এবং স্টেটের আইনসভা নতুন বন্যা নিয়ন্ত্রণ জলাধারের জন্য অ্যাডিরনড্যাকসে স্টেটের বনভূমির তিন শতাংশ প্লাবিত করার অনুমতি দিয়ে স্টেটের সংবিধানের সংশোধন অনুমোদিত করে। বার্ড অ্যামেন্ডমেন্ট নাম পরিচিত এই ব্যবস্থাটিকে ওই বছরের 4 নভেম্বরের নির্বাচনে ভোটাররা অনুমোদন প্রদান করেন, এবং এর জের ধরে 1915 সালে ম্যাকহোল্ড স্টোরেজ অ্যাক্ট "নদী নিয়ন্ত্রক জেলা" তৈরির অনুমোদন প্রদান করে। হাডসন নদীর নিয়ন্ত্রক জেলা গঠন করা হয় 1922 সালে এবং নিয়ন্ত্রক জেলার প্রথম প্প্রধান প্রকৌশলী এডওয়ার্ড হ্যানেস সার্জেন্টের নকশায়, 1927 সালে কঙ্কলিংভিল বাঁধ নির্মাণের কাজ শুরু হয়।

বর্তমানে, নিউ ইয়র্কের সর্ব বৃহৎ জলাধার, গ্রেট স্যাকানডাগা লেক, সারাটোগা ও ফুল্টন কাউন্টি সম্প্রদায়গুলির জন্য উল্লেখযোগ্য আর্থিক সুবিধা প্রদান করে এবং এলাকার বাসিন্দাদের জীবনযাত্রার মান সম্পর্কিত সুবিধা প্রদান করে। একটি প্রবেশাধিকার অনুমতি ব্যবস্থা আশেপাশের ভূমির মালিকদের জন্য 29-মাইল-লম্বা জলাধারটিতে (আয়তন অনুযায়ী 42 স্কয়ার মাইল) বিনোদনমূলক কাজে প্রবেশের অনুমতি প্রদান করে, যার অসংখ্য পরিবেশগত সুবিধা রয়েছে।

কঙ্কলিংভিল বাঁধ নির্মাণ এবং গ্রেট স্যাকানডাগা লেক তৈরি এখন পর্যন্ত এই এলাকার সব থেকে উচ্চাকাঙ্ক্ষী ও প্রভাবশালী সরকারি প্রকল্পগুলির একটি। এর নির্মাণের গল্প দেখানো হয়েছে 2017 সালের তথ্যচিত্র হার্নেসিং নেচার: *বিল্ডিং দ্য গ্রেট স্যাকানডাগা তে।*

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন